৭/৮/২০০৩

তারিখ ........
পৃষ্ঠা ৩ কলাম ১

যুগান্তর

# শিক্ষা প্রতিষ্ঠানের কমিটি সরকারের সার্কুলারের বিরুদ্ধে রিট

যুগান্তর রিপোর্ট

স্থানীয় সাবেক সংসদ সদস্যদের বাদ দিয়ে জেলা প্রশাসক বা অতিরিক্ত জেলা প্রশাসকদের শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির চেয়ারম্যান করার জন্য জারি করা তত্ত্বাবধায়ক সরকারের সার্কুলারের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে একটি রিট আবেদন দাখিল হয়েছে।

সাবেক সংসদ সদস্য আলহাজ মকবুল হোসেন গতকাল এই রিট আবেদনটি দাখিল করেন। বিচারপতি সৈয়দ জে আর মোদাচ্ছির হোসেন ও বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চে আজ এই আবেদনের শুনানি অনুষ্ঠিত হবে।

রিটে বলা হয়েছে, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে তিন বছরের জন্য পরিচালনা কমিটি নির্বাচিত হয়। অধিকাংশ প্রতিষ্ঠানেই ছয় মাস বা এক বছর আগে কমিটি নির্বাচিত হয়েছে। এ সময় চেয়ারম্যান পরিবর্তন করা হলে নির্বাচিত কমিটি ক্ষতিগ্রস্ত হবে।

আবেদনকারীর পক্ষে ব্যারিস্টার আমির-উল-ইসলাম মামলাটি পরিচালনা করছেন।